মুজিবনগরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

মুজিবনগরে যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা-২০২৬ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করেন। উদ্বোধন শেষে মেলা প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সঞ্জীব মৃধা, যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক রবিউল ইসলাম, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয়ের অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) জেসমিন ফেরদৌস।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় স্মার্ট কৃষির বিকল্প নেই। টেকসই কৃষি প্রযুক্তির ব্যবহার কৃষকের উৎপাদন খরচ কমিয়ে আনবে এবং ফসলের গুণগত মান নিশ্চিত করবে। এই মেলা স্থানীয় কৃষকদের আধুনিক কৃষি যন্ত্রপাতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার একটি বড় প্ল্যাটফর্ম।

আয়োজকরা জানান, মেলায় বিভিন্ন স্টলে আধুনিক কৃষি প্রযুক্তি, উচ্চফলনশীল জাতের প্রদর্শনী এবং জৈব সার ব্যবহারের সুফল তুলে ধরা হচ্ছে। তিন দিনব্যাপী এই মেলা প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। মেলা উপলক্ষে প্রতিদিন বিকেলে কৃষকদের নিয়ে কারিগরি সেমিনারেরও আয়োজন করা হয়েছে। এই মেলায় মোট ১৬টি স্টলে উদ্ভাবনী কৃষকদের মাঝে বিশেষ সম্মাননা ও পুরস্কার বিতরণ করা হবে।

মেহেরপুরে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শনী মেলার উদ্বোধন

কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে মেহেরপুরে কৃষি প্রযুক্তি প্রদর্শনী মেলার উদ্বোধন হয়েছে। রবিবার বেলা ১২টায় সদর উপজেলা পরিষদ চত্বরে এ কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার উদ্বোধন করা হয়। ফিতা কেটে মেলার উদ্বোধন করেন, অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। পরে উপজেলা পরিষদ চত্বরে এক বর্ণাঢ্য র্যালি আয়োজিত হয়। এ সময় মেলায় প্রদর্শনকৃত ১৪টি স্টল পরিদর্শন করেন তিনি।
সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খায়রুল ইসলাম।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদন বাড়ানোর পাশাপাশি কৃষকদের জীবনমান উন্নয়ন সম্ভব। কৃষিকে টেকসই করতে প্রযুক্তিনির্ভর উদ্যোগের বিকল্প নেই।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপ-পরিচালক কৃষিবিদ সনজীব মৃধা। এছাড়াও বক্তব্য রাখেন, উপজেলা কৃষি অফিসার মোঃ ইমদাদুল হাসান।
মেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ১৪টি স্টল স্থাপন করা হয়। এসব স্টলে উন্নত জাতের ফসল, আধুনিক চাষাবাদ পদ্ধতি ও কৃষিযন্ত্র প্রদর্শন করা হয়। মেলায় কৃষক ও সাধারণ মানুষের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়।
পরিশেষে জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খায়রুল ইসলামকে সম্মাননা স্মারক দিয়ে আলোচনা সভার সমাপ্তি হয়।

কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো কৃষি প্রযুক্তি মেলা-২০২৬

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ানো এবং কৃষকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে শুভ উদ্বোধন হলো তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা-২০২৬।

মঙ্গলবার (২০ জানুয়ারি) কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিস প্রাঙ্গণে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে মেলার শুভ উদ্বোধন করা হয়।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার জনাব এনামুল হাসান। বিশেষ অতিথি ও সভাপতির বক্তব্য দেন, উপজেলা কৃষি অফিসার জনাব মোঃ জাহিদ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন, টেকসই কৃষি উন্নয়নের জন্য আধুনিক প্রযুক্তি ও পরিবেশবান্ধব চাষাবাদ পদ্ধতির বিকল্প নেই। এই ধরনের কৃষি প্রযুক্তি মেলা কৃষকদের নতুন জ্ঞান ও উদ্ভাবনের সঙ্গে পরিচিত করে তুলবে, যা উৎপাদন বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

সভাপতির বক্তব্যে উপজেলা কৃষি অফিসার মোঃ জাহিদ হোসেন বলেন, বর্তমান জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে টেকসই কৃষি ব্যবস্থাপনা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এই মেলার মাধ্যমে কৃষকদের আধুনিক কৃষিযন্ত্র, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও প্রযুক্তিনির্ভর চাষাবাদ সম্পর্কে হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে।”

মেলায় উন্নত জাতের ফসল, আধুনিক কৃষিযন্ত্র, জৈব সার, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সেচ প্রযুক্তি এবং কৃষিভিত্তিক বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের স্টল স্থান পেয়েছে। মেলাটি ২০ থেকে ২২ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

দামুড়হুদায় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা উদ্বোধন

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা-২০২৬ উপলক্ষে তিন দিনব্যাপী একটি কৃষি মেলা অনুষ্ঠিত হচ্ছে। দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে এ মেলার আয়োজন করা হয়।

মঙ্গলবার বেলা ১২টায় উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে আনুষ্ঠানিকভাবে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার শুভ উদ্বোধন করেন আলমগীর বিশ্বাস, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, উত্তম কৃষি চর্চা ও আধুনিক প্রযুক্তি গ্রহণের ফলে আগে যেখানে বিঘা প্রতি ৮-১০ মন ধান উৎপাদন হতো, সেখানে বর্তমানে ২০-২৫ মন পর্যন্ত উৎপাদন সম্ভব হচ্ছে। প্রযুক্তির ব্যবহারে উৎপাদন খরচ কমে আসছে এবং ফলন বৃদ্ধি পাচ্ছে।

তবে কৃষকদের এসব প্রযুক্তি সম্পর্কে জানাতে ও বোঝাতে হবে, কারণ মাঠ পর্যায়ে কাজ করেন তারাই। আধুনিক কৃষি প্রযুক্তির কারণে এ অঞ্চলে কৃষি এখন আগের চেয়ে অনেক বেশি সফল ও উন্নত হয়েছে। মেলায় কৃষকদের মতামত গ্রহণের জন্য একটি মতামত বই রাখা হয়েছে। সংশ্লিষ্টরা সকল দর্শনার্থী ও কৃষকদের অন্তত দুই-এক লাইন মতামত লেখার আহ্বান জানান, যাতে ভবিষ্যতে কৃষি কার্যক্রম আরও উন্নত করা যায়।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব রবিউল ইসলাম এবং দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মোঃ উবায়দুর রহমান সাহেল।

এ সময় আরও উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

তিন দিনব্যাপী এ কৃষি মেলায় মোট ১৬টি প্রদর্শনী স্টল রয়েছে, যার মধ্যে ৫টি উদ্যোক্তা স্টল। মেলায় আধুনিক কৃষি প্রযুক্তি, যন্ত্রপাতি, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও টেকসই কৃষি চর্চা বিষয়ে কৃষকদের হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে। প্রকল্পের আওতায় কৃষকদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন যন্ত্রপাতি ও সহযোগিতা প্রদান করা হবে বলে জানানো হয়। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস। এ সময় বিপুল সংখ্যক কৃষক ও কৃষাণী মেলায় উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কৃষি সচেতনতা বিষয়ক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে ১২ দিন ব্যাপী কৃষি মেশিনারিজ ও যন্ত্রপাতি প্রদর্শনী মেলার উদ্বোধন

একটাই লক্ষ্য হতে হবে দক্ষ’ এই শ্লোগানে ঝিনাইদহে শুরু হয়েছে ১২ দিন ব্যাপী কৃষি মেশিনারিজ ও যন্ত্রপাতি প্রদর্শনী মেলা। আজ রোববার দুপুরে শহরের বড় খাজুরা গ্রামে এ মেলার উব্দোধন করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় মেসার্স মল্লিক ট্রেডার্সের স্বত্তাধিকারী রাজু মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সভাপতি মোয়াজ্জেম হোসেন।

বিশেষ অতিথি ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ ইঞ্জিনিয়ার মিজানুর রহমান, উপাধ্যক্ষ মাহবুব উল ইসলাম, পৌরসভার সাবেক

কমিশনার গোলাম মোস্তফা, বিএনপি নেতা শামসুজ্জামান মন্টু, বর্তমান কমিশনার আব্দুর রহমান রিপন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক লোকমান হোসেন। ১২ দিনব্যাপী এই মেলায় স্মার্ট পাওয়ার ট্রিলার, চাপ কাটার, গ্লেন্ডার মেশিন, চপিং মেশিনসহ নানা প্রযুক্তির প্রদর্শন করা হয়।

মেসার্স মল্লিক ট্রেডার্সের স্বত্বাধিকারী রাজু মল্লিক বলেন, আধুনিক কৃষি গড়ে তুলতে কৃষকদের নতুন প্রযুক্তি ও উন্নত কৃষি যন্ত্রপাতির সঙ্গে পরিচিত করানোই এই মেলার মূল উদ্দেশ্য। কৃষি খাতে দক্ষ জনবল তৈরি এবং সময় ও শ্রম সাশ্রয়ের মাধ্যমে উৎপাদন বাড়াতে আধুনিক মেশিনারিজ ব্যবহারের বিকল্প নেই। কৃষকরা যেন সহজে এসব যন্ত্র সম্পর্কে জানতে ও ব্যবহার শিখতে পারেন, সেই লক্ষ্যেই এই প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। রোববার থেকে শুরু হওয়া এই মেলা চলবে আগামী ৩০ জানুয়ারি পর্যন্ত।

মেহেরপুরে শত্রুতামূলক বাড়ন্ত ভুট্টা গাছ কেটে বিনষ্ট করেছে দুর্বৃত্তরা

মেহেরপুরের গাংনী থানাধীন দিগলকান্দি গুচ্ছ গ্রামের চিনিরদোপ মাঠে শত্রুতামুলক ভুট্টা গাছ কেটে তছরুপাত করেছে দুর্বৃত্তরা।

গত সোমবার ও মঙ্গলবার পরপর দুই রাতে প্রায় এক বিঘা জমির বাড়ন্ত ভুট্টা গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

সরেজমিনে গিয়ে জানা যায়, গুচ্ছ গ্রামের কৃষক শরিফুল ইসলাম ৪০ হাজার টাকায় দুই বিঘা জমি লিজ নিয়ে চাষাবাদ করে আসছে। চলতি মৌসুমে ঐ দুই বিঘা জমিতে তিনি ভুট্টার আবাদ করেছেন। ভুট্টা গাছগুলো বর্তমানে বাড়ন্ত অবস্থায় মাঠে দন্ডায়মান আছে। এক দেড় মাসের মধ্যে গাছগুলোতো ফল আসা শুরু করবে।

এরই মাঝে পরপর দুই রাতে শত্রুতামূলক কে বা কারা বিক্ষিপ্ত ভাবে

ভুট্টার গাছ কেটে বিনষ্ট করেছে। দরিদ্র পরিবারের তিল তিল করে কষ্টে গড়া ফসলের এমন ক্ষতিতে কান্নায় ভেঙে পড়েন কৃষকের স্ত্রী রিনা খাতুন।

তিনি বলেন, অনেক কষ্ট করে খেয়ে না খেয়ে পরিশ্রমের টাকা দিয়ে তিল তিল করে এই ফসল আবাদ করছি। কিন্তু শত্রুতামূলক কে বা কারা আমার এই ক্ষতি করেছে আমি তাদের বিচার চাই।

ক্ষতিগ্রস্ত কৃষক শরিফুল বলেন, এ পর্যন্ত জমিতে আমার প্রায় ৩০ হাজার টাকা খরচ হয়ে গেছে। কয়েক মাসের মধ্যে ফসল টা তুলতে পারলে ১ লক্ষ টাকার বেচাকেনা হতো এখন আমার সবই দন্ড।

এবিষয়ে তিনি গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন।

ঝিনাইদহে তিনদিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন

ঝিনাইদহে তিনদিন ব্যাপী কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করা হয়েছে। সোমবার সকালে উপজেলা পরিষদ চত্বরে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এ মেলার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানের আলোচনা সভায় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কামরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ।

বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মাহফুজ আফজাল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনে আরা, অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবীব, কৃষি সম্প্রসারণ অফিসার মীর রাকিবুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম লিটন। অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলার কৃষি কর্মকর্তা নুর-এ নবী।

সদর উপজেলা কৃষি অফিসের আয়োজনে সোমবার থেকে শুরু হওয়া এই মেলা চলবে বুধবার পর্যন্ত। ৩ দিন ব্যাপী এই মেলায় সরকারি দপ্তর ছাড়াও

কৃষি উদ্যোক্তাদের মোট ১৮ টি স্টল স্থান পেয়েছে।

এসব স্টলে কৃষি ও কৃষকের ফসল উৎপাদনের জন্য আধুনিক সব প্রযুক্তি ছাড়াও কৃষকদের উৎপাদিত উন্নত ও হাইব্রীড জাতের নানা ফসল প্রদর্শন করা হয়। যেখানে প্রযুক্তির ব্যবহার ও ফলসের চাষাবাদ সম্পর্কে পরামর্শ দেওয়া হচ্ছে।

আলমডাঙ্গায় তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাঠ দিবস

আলমডাঙ্গায় তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসের উদ্যোগে তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় উপজেলার ডাউকি ইউনিয়নের মাজু ব্লকে মাধবপুর মাঠে এক মাঠ দিবস ও কারিগরী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল ১২টার অনুষ্ঠিত মাঠ দিবসের আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ নুরুল ইসলাম।তিনি বলেন, দেশে সরিষার চাহিদা পূরণে কৃষি গবেষণার উদ্ভাবিত স্বল্প মেয়াদী এবং উচ্চফলনশীল জাতের বারি সরিষা-১৪ চাষাবাদ করে লাভবান হওয়া যায়। এতে একদিকে যেমন তেল উৎপাদন বাড়বে তেমনি আমদানীর উপর নির্ভরতা কমবে আসবে।

বিশেষ অতিথি ছিলেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মনিটরিং অফিসার হাসান আলী। স্বাগত বক্তব্য রাখেন, আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি অফিসার কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ। তিনি বলেন, তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ের মাঠ দিবসগুলোতে কৃষকদের সরিষার আবাদে উদ্বুদ্ধ করতে উচ্চফলনশীল জাতের বারি সরিষা-১৪ এর চাষাবাদ কলাকৌশল এবং এর উপকার সম্পর্কে অবহিত করা হচ্ছে বলে জানান।

উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ উদয় রহমানের উপস্থাপনায় বক্তব্য রাখেন, সংশ্লিষ্ট এলাকার উপ সহকারী কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম, মেহেদী হাসান, দুলারী খাতুন, আব্দুর রফিক, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা খলিলুর রহমান, কৃষক প্রতিনিধি শহিদুল ইসলাম মোল্লা, রোকেয়া খাতুন, হাসিনা খাতুন প্রমুখ।

সভায় শতাধিক কৃষক-কৃষাণী গণমাধ্যমকর্মী, কৃষি অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ সরিষা জাত বারী ১৪ ক্ষেত প্লট পরিদর্শন করেন ও সরিষা থেকে তৈল উৎপাদন মেশিন দিয়ে কিভাবে তৈল তৈরী করে পর্যবেক্ষণ করেন।

দামুড়হুদায় শত্রুতামূলক ফলন্ত ভুট্টার গাছ কর্তন

দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদের শত্রুতামূলক এক বিঘা ভুট্টার গাছ কর্তন করেছে। গতকাল মঙ্গলবার দিবাগত রাতে কে বা কাহারা এক বিঘা জমির ভুট্টা গাছ কলা গাছ টেনে ভেঙে দিয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদ লোক মারফত শুনতে পারে যে তার শত্রুতামূলক কে বা কাহারা এক বিঘা জমির ফলন্ত ভুট্টার গাছ কলা গাছ টেনে ভেঙ্গে দিয়েছে। পরে সে জমিতে গিয়ে দেখে এক বিঘাা জমির সব ভুট্টা গাছ মাটিতে লুটিয়ে পড়েছে।এই দৃশ্য দেখে দিনমুজুর আব্দুল ওয়াহেদ মাথা হাত দিয়ে কান্নায় ভেঙ্গে পড়ে।

এসময় আব্দুল ওয়াহেদ কান্না জড়িত কন্ঠে বলতে থাকে আমি গরীব মানুষ বিভিন্ন জায়গায় ধার দেনা করে পরের জমি লিজ নিয়ে এই ভুট্টা চাষ করেছি।আর আমার এত বড় ক্ষতি করে দিল। আমি এ বিচায় আল্লার হাতে ছেড়ে দিলাম। আল্লাহ এ বিচার করবে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমি এমন ঘটনা শুনেছি। আসলে এই ধরনের ঘটনা খুব দুঃখজনক। একটি লিখিত অভিযোগ দিলে কৃষি প্রণোদনা দিয়ে সহায়তা করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার উবাইদুর রহমান সাহেল বলেন, আসলে এ ধরনের ঘটনা খুবই দুঃখজনক ঘটনা।

মুজিবনগরে কৃষকদের প্রণোদনার নামে বিভিন্ন ধরনের প্রতারণার অভিযোগ

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় কৃষকদের লক্ষ্য করে প্রণোদনার নামে বিভিন্ন ধরনের প্রতারণার অভিযোগ উঠেছে। সম্প্রতি উপজেলার বিভিন্ন গ্রামে কিছু অসাধু ব্যক্তি কৃষকদের কাছ থেকে সরকারি প্রণোদনা দেওয়ার কথা বলে নগদ টাকা, ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, এমনকি বিকাশ নম্বর পর্যন্ত দাবি করছে— এমন তথ্য জানিয়েছে উপজেলা কৃষি অফিস।

উপজেলা কৃষি কর্মকর্তা মো. আব্দুল মোমিন স্বাক্ষরিত এক জরুরি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সরকারি প্রণোদনা পাওয়ার জন্য কোনো কৃষকের কাছ থেকে নগদ টাকা, ব্যাংক অ্যাকাউন্ট নম্বর অথবা বিকাশ নম্বর নেওয়ার সুযোগ নেই। কোনো সরকারি কর্মকর্তা বা কর্মচারী কখনোই এ ধরনের তথ্য চাইবেন না।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সম্প্রতি প্রতারক চক্র বিভিন্ন কৌশলে কৃষকদের ভুল পথে পরিচালিত করছে এবং অর্থ হাতিয়ে নেওয়ার চেষ্টা করছে। তাই এমন কোনো দাবি এলে কৃষকদের তাৎক্ষণিকভাবে উপজেলার কৃষি অফিস অথবা সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

উপজেলা প্রশাসন ও কৃষি দপ্তর জানিয়েছে, সরকারি প্রণোদনার সব কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে এবং নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমে

বিতরণ করা হয়। তাই কোনো অবস্থাতেই কারও কাছে ব্যক্তিগত তথ্য বা টাকা প্রদান না করতে কৃষকদের অনুরোধ জানানো হয়েছে।

প্রতারণা রোধে এলাকায় সচেতনতা বাড়াতে ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তরগুলোতে বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে।